

প্রকা/কব্যবি-৩/২০২১-২০২২/৭৬৪

তারিখ : ০৩.১০.২০২১

**বিজ্ঞপ্তি**

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে ইলেকট্রনিক্স পদে নিয়োগের লক্ষ্যে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়েছে। নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী ব্যাংকের প্রধান কার্যালয়ে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষা শুরুর দেড় ঘণ্টা পূর্বে নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি ও গেজেটেড অফিসার/প্রথম শ্রেণির ব্যাংক কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এক সেট অনুলিপি সহ প্রার্থীগণকে কর্মী ব্যবস্থাপনা বিভাগ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ২৭২ বনলতা বা/এ, বিমানবন্দর সড়ক, রাজশাহীতে উপস্থিত হওয়ার জন্য পরামর্শ দেয়া হলো।

- (ক) উপ-মহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী বরাবর প্রার্থীর স্বহস্তে লিখিত চাকরির আবেদনপত্র ;
- (খ) লিখিত পরীক্ষার প্রবেশপত্র ও Applicant Copy;
- (গ) (১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ;  
(২) স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে পেশাগত ট্রেড সার্টিফিকেট ।
- (ঘ) সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;
- (ঙ) জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদপত্র;
- (চ) স্থায়ী ঠিকানার সমর্থনে সিটি কর্পোরেশন মেয়র/পৌর মেয়র/কাউন্সিলর/কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র ;
- (ছ) মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার সমর্থনে সিটি কর্পোরেশন মেয়র/পৌর মেয়র/কাউন্সিলর/কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র ;
- (জ) দুই জন গেজেটেড অফিসার/প্রথম শ্রেণির ব্যাংক কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ;
- (ঝ) প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদন করলে প্রয়োজনীয় দলিলাদি :  
(১) মুক্তিযোদ্ধার নাম ও পরিচিতি সম্বলিত ভারতীয় তালিকা ; কিংবা  
লাল মুক্তিবার্তা কিংবা গেজেট ও সাময়িক সনদ ; কিংবা  
গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুতির বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত সনদ (বামুস) সনদপত্র ;  
(২) মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্রের কপি ;  
(৩) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের কপি ;  
(৪) মুক্তিযোদ্ধার জন্ম সনদের কপি । মুক্তিযোদ্ধার মৃত্যুবরণের ক্ষেত্রে মৃত্যু সনদের কপি ;  
(৫) মুক্তিযোদ্ধার নাতি-নাতনি দাবী করার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পরিচিতি এবং প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্বের কপি ;  
(৬) আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এর প্রমাণ স্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের কপি ;
- (ঞ) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
- (ট) বিদেশ থেকে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে সমমানের সনদপত্র;
- (ঠ) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের (রাকাবসহ) ক্ষেত্রে স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী :

পদের নাম	মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়
ইলেকট্রনিক্সিয়ান	16000031, 16000124, 16000148, 16000183, 16000415, 16000422 16000463, 16000490, 16000498, 16000525 = ১০ জন	০৮.১০.২০২১ (শুক্রবার) দুপুর ২:০০ টা

উল্লেখ্য, বিজ্ঞপ্তি জারিতে কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে এ ব্যাংক তা সংশোধনের এখতিয়ার সংরক্ষণ করে।

০৬/১০/২০২১  
(রণজিৎ কুমার সেন)  
উপ-মহাব্যবস্থাপক